চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ

নং-চভেএসাবি/রেজি:/নিয়োগ-৪০(অংশ-১০)/২০১৮/৯৭৮ তারিখ: ২৪/০১/২০১৯ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের **ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আই.কিউ.এ.সি)**-এ নিম্নবর্ণিত পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল ২০১৫)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	**ম্যানেজার** (আই.কিউ.এ.সি) স্কেল: ২২০০০-৫৩০৬০/-	০১	প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর পাশ হতে হবে এবং কম্পিউটার (মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট) ব্যবহারে দক্ষতাসহ ২(দুই) বৎসর আই.কিউ.এ.সি-তে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
২.	**হিসাবরক্ষক** (আই.কিউ.এ.সি) (একাউন্টস অফিসার পদের বিপরীতে) স্কেল: ১১০০০-২৬৫৯০/-	০১	প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রিধারী হতে হবে এবং কম্পিউটার (মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট) ব্যবহারে দক্ষতাসহ ২(দুই) বৎসর আই.কিউ.এ.সি-তে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার টাইপের গতি মিনিটে কমপক্ষে যথাক্রমে বাংলায়-২০, ইংরেজিতে-৩০ শব্দ সম্পন্ন হতে হবে।
৩.	**অফিস সহায়ক** (আই.কিউ.এ.সি) স্কেল: ৮২৫০-২০০১০/-	০১	প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে। আই.কিউ.এ.সি-তে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

প্রার্থীর জন্য প্রযোজ্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ:

১। নিয়োগ বিজ্ঞপ্তি'তে উল্লেখিত ক্রমিক ০১ নং পদে আগ্রহী প্রার্থীকে এ বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে সকল কাগজপত্র সম্বলিত পৃথক পৃথক ৯(নয়) সেট এবং ক্রমিক ০২ হতে ০৩ নং পদে ৩(তিন) সেট আবেদনপত্র একটি খামে **আগামী ১৮/০২/২০১৯** তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪২২৫ বরাবরে অফিস চলাকালীন (সকাল ৯:০০ হতে বিকাল ৫:০০ ঘটিকা) সময়ে রেজিস্ট্রার অফিসে পৌছাতে হবে। প্রার্থীত পদের নাম খামের উপরে স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

২। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ০১ নং পদের জন্য নির্ধারিত 'আবেদনপত্র' (Application Form) এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.cvasu.ac.bd)** বা রেজিস্ট্রার অফিস হতে সংগ্রহ করা যাবে।

৩। রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় এর অনুকূলে নিয়োগ বিজ্ঞপ্তি'তে উল্লেখিত ০১ নং পদের জন্য ৭০০/- (সাতশত) টাকা এবং ০২ হতে ০৩ নং পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (জনতা ব্যাংক লি:, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম হতে উত্তোলনযোগ্য হতে হবে) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৪। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদে প্রার্থীর বয়সসীমা ৩০ বছর; তবে প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান হলে সেক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। আবেদন দাখিলের সর্বশেষ তারিখ (১৮/০২/২০১৯) অনুযায়ী প্রার্থীর বয়সসীমা নির্ধারিত হবে। বয়স নির্ধারণের ক্ষেত্রে কোন হলফনামা (Affidavit) গ্রহণযোগ্য নয়।

৫। সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত/আধা-সরকারী প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। অভিজ্ঞতা বলতে- সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত/আধা-সরকারী প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তিতে উল্লেখিত স্ব-স্ব পদের সাথে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

৭। আবেদনপত্রে আবেদনকারীর পূর্ণ জীবন-বৃত্তান্ত যথা: (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) ধর্ম (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং (ঠ) অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) (ড) মোবাইল নম্বর প্রভৃতি উল্লেখ করতে হবে।

৮। প্রার্থীকে আবেদনের সাথে (ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদের কপি; (খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং (ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৯। প্রার্থীর কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী/বিভাগ/সমতুল্য গ্রেড গ্রহণযোগ্য নয় এবং সংশ্লিষ্ট পদে চাহিত যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই। তবে অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য এবং আই.কিউ.এ.সি-তে কর্মরত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

১০। প্রার্থী উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়নরত থাকলে তা আবেদনে অবশ্যই উল্লেখ করতে হবে এবং পরবর্তীতে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হওয়ার পরে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়ন করলে বা উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়ন বা উচ্চতর কোর্স/ডিগ্রি অর্জনের বিষয়টি আবেদনে উল্লেখ না করলে, উক্ত কোর্স/ডিগ্রি/প্রোগ্রামের জন্য কোন সুবিধা প্রাপ্য হবেন না।

১১। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানী'র অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সংশ্লিষ্ট প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের কপি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়ন পূর্বক আবেদনের সাথে দাখিল করতে হবে।

১২। ভূয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/কুরিয়ার সার্ভিস ও ডাক যোগাযোগসহ অন্য কোন কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং আবেদন দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের পর, পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস্ সংযোজনযোগ্য নয়।

১৩। প্রয়োজনে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিলকরণ, শর্তাদির স্পষ্টায়ন/শর্ত শিথিলকরণ এবং নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪। নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

মীর্জা ফারুক ইমাম
রেজিস্ট্রার
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

24.01.19

মীর্জা ফারুক ইমাম
রেজিস্ট্রার
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল
সাইন্সেস বিশ্ববিদ্যালয়